# ভেড়ামারা পৌরসভা কার্যালয়

ভেড়ামারা, কুষ্টিয়া।

## TLCC-সভার কার্যবিবরণী

**স্থান ঃ পৌরসভা মিলনায়তন** **তারিখ-০৫-০১-২০২৬ খ্রিঃ** **সময় ঃ সকাল- ১১.৩০ ঘটিকা।**

সভাপতি ঃ জনাব রফিকুল ইসলাম, প্রশাসক, ভেড়ামারা পৌরসভা, কুষ্টিয়া।

সভায় সম্মানীত সদস্যদের উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | বিগত ইং ২৯-০৯-২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য TLCC সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | সভার শুরুতেই সভার সভাপতির অনুমতিক্রমে পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ গোলাম সরওয়ার অদ্যকার সভার কার্যক্রম শুরু করেন।<br>অদ্যকার সভার সভাপতি জনাব রফিকুল ইসলাম, প্রশাসক, ভেড়ামারা পৌরসভা উপস্থিত সকলকের সাথে সালাম ও শুভেচ্ছা বিনিময় করেন। অদ্যকার সভার সভাপতি সাহেব বলেন-আমরা আশা করছি আপনারা সবসময় পৌর কমিটিকে সার্বিক সহযোগীতা করবেন। পাশাপাশি তিনি জানান যে,আজকের এই সভাটি গত ৩১-১২-২০২৫ ইং তারিখে অনষ্ঠত হওয়ার কথা ছিল কিন্তু অনিবার্য কারনে সভাটি স্থগিত করা হয়<br>অতপর সভাপতির অনুমতিক্রমে পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ)ও সদস্য-সচিব, TLCC ভেড়ামারা পৌরসভা IUGIIP-প্রকল্পের ২৮ টি বাধ্যতা মুলক কার্যক্রম-এর বিষয়ে সভায় আলোকপাত করেন।<br>এরপর সভাপতির অনুমতিক্রমে পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ) জনাব মোঃ গোলাম সরওয়ার ও সদস্য-সচিব, TLCC ভেড়ামারা পৌরসভা বিগত ইং ২৯-০৯-২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন এবং বিগত কিছু কার্যক্রম নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করেনে।<br>এরপর TLCC সভার সম্মানিত সদস্যবৃন্দ সভায় কায়বিবরণী নিয়ে আলোচনা পর্যলোচন করেন এবং কোন সংশোধনী না থাকায় TLCC সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সম্মানিত সভাপতি সাহেব সভায় উপস্থিত কমিটির সকল সদস্যকে পৌরসভার পক্ষ হতে ধন্যবাদ জানান। | ক) সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় অত্রসভা সর্বসম্মতিক্রমে অনুমোদন করে।<br>**খ) TLCC এর সম্মানিত সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হয়।**<br>**গ) আগামী ৩১ মার্চ, ২০২৬ তারিখের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে TLCC-র সভা করা।**<br>**ঘ) সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং যথাসময়ে PMO তে প্রেরন করা হবে।** | প্রশাসক/পৌর নির্বাহী কর্মকর্তা | |
| ০২ | TLCC গঠন ও কার্যকর রাখা(সূত্র ঃ পৌরসভা আইন-২০০৯ এর ১১৫ ধারা)। | আলোচনায় অংশ নিয়ে ভারপ্রাপ্ত পৌর নির্বাহী কর্মকর্তা সাহেব জানান পৌরসভার আইন, ২০০৯ এর ১৫ ধারা অনুযায়ী ভেড়ামারা পৌরসভায় ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা করার ০৭ দিন পূর্বে সকল সদস্যদের মধ্যে নোটিশ ও কার্যবিবরণী বিতরণ করা সহ সভা চলমান আছে। সভা এবিষয়ে সন্তোষ প্রকাশ করেন। | **১. যথা নিয়মে অনুসরণ করে TLCC গঠন করায় অত্রসভা প্রশাসক মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।** | প্রশাসক/পৌরকমিটি/ পৌর নির্বাহী কর্মকর্তা | |
| ০৩ | WC গঠন ও কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ১৪ ধারা) | আলোচনার শুরুতেই পৌরসভা আইন ২০০৯ এর ১৪ ধারা অনুযায়ী অত্র পৌরসভার পূণ:গঠিত ওয়ার্ড (WC) কমিটি গঠন ও কার্যাবলী নিয়ে সভায় আলোচনা করা হয়। আলোচনাকালে WC কমিটি সদস্য- সচিব ও উপ-প্রকৌশলী জনাব মো ঃ সোহানুর রহমান শিশির, ভেড়ামারা পৌরসভা জানান যে, WC কমিটির সভা সমুহ সভা সঠিক | ১.৩১ শে মার্চ/২০২৬ ত্রৈমাসিক WC-র সভা সম্পন্ন করা এবং সভার কার্যবিবরনী প্রস্তুত করে **PMO তে প্রেরণ করা সহ সংশ্লিষ্টদের কপি সরবরাহ** করা হবে।<br>২. গুরুত্বপূর্ণ সমস্যগুলো চিহ্নিত করে পৌর পরিষদের | প্রশাসক/পৌরকমিটি/ সহকারী/উপ-সহকারী প্রকৌশলী | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | সময়ে করা হয় এং সভার সিদ্ধান্ত সমুহ আলোচনার জন্য TLCC সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত থাকে।<br>সভায় WC কমিটির কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে গুরুত্বপূর্ণ সমস্যগুলো চিহ্নিত করা এবং পৌর পরিষদের সভায় আলোচনা সাপেক্ষে চিহ্নিত সমস্যাগুলো সমাধানের উদ্যোগ গ্রহন করার জন্য অনুরোধ জানানো হয়। | সভায় আলোচনা সাপেক্ষে সমস্যাগুলো চিহ্নিত করে সমাধানের উদ্যোগ গ্রহন করা । | | |
| ০৪ | নাগরিক সনদ<br>( সিটিজেন চার্টার)<br>প্রণয়ন ও বাস্তবায়ন | নাগরিক সনদ(CC) বা সিটিজেন চার্টার নিয়ে আলোচনা কালে TLCC সদস্য জনাব মো ঃ নাহারুল পৌরসভার ০৬ টি স্থানে নাগরিক সনদ (CC) স্থাপন করার সুপারিশ করেন।<br>জবাবে পৌরসভার ভারপ্রাপ্ত পৌর নির্বাহী কর্মকর্তা সাহেব জানান পৌরসভা অফিসের সামনেসহ নতুন ভাবে নাগরিক সনদ স্থাপন করা হবে। | ১. ০৬ টি নাগরিক সনদ (CC) স্থাপন করা হবে। | প্রশাসক/পৌর নির্বাহী কর্মকর্তা | |
| ০৫ | তথ্য ও অভিযোগ প্রতিকার (IGRC) সেল গঠন ও কার্যকর রাখা। | তথ্য ও অভিযোগ প্রতিকার সেল নিয়ে আলোচনা কালে অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ গোলাম সরওয়ার জানান কোন অভিযোগ জমা পড়লে প্রাপ্ত অভিযোগ গুলি রেজিস্টারে সংরক্ষণ করা হয়। সকল অভিযোগ IGRC কমিটি কর্তৃক বিবেচনায় নিয়ে উভয় পক্ষের উপস্থিতিতে অভিযোগ নিস্পত্তি করা হয়। অভিযোগসমূহের বিবরণ পৌরপরিষদের মাসিক সভায় আলোচনা করা হবে। বিস্তারিত আলোচনান্তে অত্রসভা IGRC-র কার্যক্রম চালু করায় প্রশাসক, ভেড়ামারা পৌরসভাকে সর্বসম্মতিক্রমে ধন্যবাদ জ্ঞাপন করেন। | ১. প্রাপ্ত সকল অভিযোগ যথাসময়ে রেজিষ্টারে লিপিবদ্ধ করা এবং এ ধারা অব্যহত রাখা।<br>২. IGRC কমিটি অভিযোগ বিবেচনায় নিয়ে উভয় পক্ষের শুনানী গ্রহন করা এবং এ ধারা অব্যহত রাখা।<br>৩. সমাধানকৃত অভিযোগসমূহের বিবরণ TLCC-র সভাতে এবং পৌরপরিষদের মাসিক সভায় আলোচনা করা। | সভাপতি, GRC কমিটি | |
| ০৬ | পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন | পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাকালে সভাকে জানানো হয় ০৫(পাঁচ) বছরের জন্য পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন করা অত্যন্ত জরুরী। উন্নয়ন পরিকল্পনা না থাকলে কি ভাবে উন্নয়ন করা হবে। আলোচনায় অংশ নিয়ে টিএলসিসির অন্যতম সদস্য জনাব মইনুল হক ডাবলু বলেন- পৌরসভার উন্নয়ন পরিকল্পনা (PDP)- প্রস্তত পূর্বক উন্নয়নমূলক কাজ করায় পৌরসভাকে ধন্যবাদ দেন। আলোচনায় অংশ নিয়ে অদ্যকার সভার সভাপতি বলেন- সকল উন্নয়ন পরিকল্পনা PDP-তে অর্ন্তরভুক্ত আছে। পিডিপি সংশোধন প্রসঙ্গে পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ)ও সদস্য-সচিব জনাব মোঃ গোলাম সরওয়ার বলেন IUGIP প্রকল্পের চাহিদা অনুয়ায়ী পিডিপি সংশোধন করে পিএমওতে প্রেরণ করতে হবে। | ১. পৌরসভার জন্য ০৫(পাঁচ) বছরের উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন করা হয়েছে।<br>২. ভবিষ্যতে PDP সংশোধন কাজে পরিষদসহ টিএলসিসি সদস্যদের মতামত গ্রহন করা হবে।<br>৩. পিডিপি সংশোধন করে পিএমওতে প্রেরণ করার জন্য করার হয় । | পৌর পরিষদ/পৌর নির্বাহী কর্মকর্তা/সহকারী প্রকৌশলী | |
| ০৭ | পৌরসভার উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রন | পৌরসভার উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রন করার বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় উন্নয়ন কাজ বাস্তবায়নে সংশ্লিষ্ট কমিটি সকল উন্নয়ন কাজ তদারকি করে। সহকারী প্রকৌশলী জানান কিছু কাজ প্রায় সমাপ্ত হয়েছে কিছু কাজ চলমান আছে। কাজের মান সন্তোষ জনক। সহকারী প্রকৌশলী আরো জানান পৌরসভার সরকারী উন্নয়ন তহবিল ও রাজস্ব তহবিল হতে উন্নয়নমূলক কাজ চলমান আছে এবং অচিরেই ইং ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য উন্নয়ন তহবিল হতে দরপত্র আহব্বান করা হবে। তিনি আরো জানান IUGIP প্রকল্পের কয়েকটি কাজ সমাপ্ত হয়েছে এবং কিছু কাজ চলমান। কাজের মান সন্তোষজনক। এছাড়াও কোভিড-১৯ প্রকল্পের সকল কাজ সমাপ্ত হয়েছে। IUGIP প্রকল্পের নিম্ন বর্ণিত ০২ টি প্যাকেজ রিকাষ্ট অনুমোদন করা প্রসঙ্গে পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ)ও সদস্য-সচিব জনাব মোঃ গোলাম সরওয়ার বলেন | ১. উন্নয়ন কাজ বাস্তবায়নে সংশ্লিষ্ট কমিটিকে আরো দায়িত্বশীল হওয়ার সুপারিশ করা হয়।<br>২. ক্ষতিগ্রস্থ রাস্তা সমুহ মেরামত করার সিদ্ধান্ত সুপারিশ আকারে গৃহীত হয়।<br>৩. IUGIP প্রকল্পের কাজ যথাসময়ে বাস্তবায়ন করার সুপারিশ করা হয়।<br>৪. ০২ টি প্যাকেজ রিকাষ্ট অনুমোদন করার সুপারিশ করা হয় এবং পিএমওতে প্রেরণের জন্য সিদ্ধান্ত গ্রহন করা হয়। | প্রশাসক/সহকারী প্রকৌশলী/উন্নয়ন বাস্তবায়ন কমিটি। | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | Package No: IUGIP/BHER/UT+DR/01/2023 Project Name: Construction/Improvement of Roads 2,436m in 4 Locations.RCC Drains 14,00m in 2 Locations নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত হয়।<br>Protection Work 50m,Retaining Wall 70m & Installation of Street Light 86 Nos at Bheramara Paurashava,Kushtia District.<br>Package No: IUGIP/BHER/UT+DR/04/2023<br>Project Name: Construction/Improvement of Roads 2920m in 7. Locations RCC Drains 1902 m in 5 Locations & Installation of Street Light 106 Nos at Bheramara Paurashava,Kushtia District.<br>১. UT+DR/01/2023 প্যাকেজটির scheme R-005 এর RCC রাস্তার প্রোটেকশানের জন্য ৭০ মিটার রিটেনিং ওয়াল ধরা ছিল কিন্তু বাস্তব অবস্থার প্রেক্ষিতে প্রকল্প অফিস থেকে ৫০মিটার প্রি -কাস্ট পাইলসহ ডিজাইন **ব্যবহারের জন্য প্রশাসানিক অনুমোদন পাওয়া যায়।**<br>২. UT+DR/01/2023 প্যাকেজটির scheme No-R-002,R-005,R-0I7,R-016 রাস্তাগুলোর শুরু এবং শেষে ডিজাইন " T" সংযুক্ত না থাকায় পরবর্তিতে কাজ বাস্তবায়নের সময় বাস্তবতার নিরিখে " T" সংযুক্ত করা হয়। উক্ত প্যাকেজের scheme No-R-016 রাস্তার চেইনেজ ৩৪০ মিটার থেকে ৫২৩মিটার পর্যন্ত এলাকা বাসির দাবির প্রেক্ষিতে বর্ধিত করার জন্য আলোচনা করা হয়। ।<br>৩. . UT+DR/01/2023 প্যাকেজটির সকল ড্রেনর ম্যানহোল কভার এর পরিবর্তে Lifting Slab **ব্যবহারের জন্য প্রশাসানিক অনুমোদন পাওয়া যায়।**<br>৪. UT+DR/01/2023 প্যাকেজটির scheme D-04 এর পার্ট A তে মূল এস্টিমেটে ৩৬৬ মিটার ধরা ছিল কিন্তু বাস্তবতার আলোকে ও জনগনের চাহিদার পেক্ষিতে ড্রেনটির দৈর্ঘ্য ৪১২ মিটার এবং পার্ট B তে মূল এস্টিমেটে ধরা ছিল ২৪০ মিটার কিন্তু বাস্তবতার আলোকে ও জনগনের চাহিদার প্রেক্ষিতে ড্রেনটির দৈর্ঘ্য ২৫৫ মিটার করার বিষয়ে আলোচনা করা হয়।<br>৫. UT+DR/01/2023 প্যাকেজটির D-10 scheme টিতে মূল এস্টিমেটে ড্রেনের দৈর্ঘ্য ধরা ছিল ৭৯৪ মিটার কিন্তু বাস্তবতার আলোকে ও জায়গা স্বল্পতার কারনে ড্রেনটির দৈর্ঘ্য ৬২৮ মিটার হয় এবং অবশিষ্ঠ ড্রেনের কাজ একই প্যাকেজের রাস্তা/ড্রেনরে সংযুক্তি করার বিষয়ে আলোচনা করা হয় ।<br>৬.স্ট্রিট লাইটে এলইডি -২০০ওয়াট এর পরিবর্তে এলইডি-১০০ ওয়াট বাল্ব স্থাপনের ব্যবহারের জন্য **প্রশাসানিক অনুমোদন পাওয়া যায়।**<br>৭. UT+DR/04/2023 প্যাকেজটির scheme No-R-010,R-12,R-13,R-14,R-15,R-16 রাস্তাগুলোর শুরু এবং ডিজাইনে " T" সংযুক্ত না থাকার পরিবর্তে কাজ বাস্তবায়নের সময় বাস্তবতার নিরিখে " T" সংযুক্ত করা হয় উক্ত প্যাকেজের scheme No-R-020,RCC রাস্তাটির ডিজাইনে ও মিটার প্রস্ত ধরা ছিল-৩ মিটার কিন্তু বাস্তবে কাজ করার সময় জায়গা না থাকায় রাস্তাটির প্রস্ত ২.৫ মিটার করার বিষয়ে আলোচনা করা হয়।<br>৮. UT+DR/04/2023 প্যাকেজটির scheme No-D-14,D-15 ড্রেন দুটিতে ডিজাইনে ১.৩৫০ মিটার প্রস্ত ধরা ছিল কিন্তু বাস্তবে কাজ করার সময়ে জায়গা না থাকার কারনে পিডি অফিস থেকে ব্যবহারের জন্য ১.০০ মিটার প্রস্থ **করার প্রশাসানিক অনুমোদন পাওয়া যায় ।**<br>। উক্ত প্যাকেজের সকল ড্রেনের ম্যানহোল কভার এর পরিবর্তে Lifting Slab **ব্যবহারের জন্য প্রশাসানিক অনুমোদন পাওয়া যায়।**<br>৯. স্ট্রিট লাইটে এলইডি -২০০ওয়াট এর পরিবর্তে এলইডি-১০০ ওয়াট বাল্ব স্থাপনের জন্য **প্রশাসানিক অনুমোদন পাওয়া যায়।** | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৮ | বাজেট বরাদ্দ সহ বার্ষিক O&M পরিকল্পনা প্রণয়ন (উন্নয়ন কর্মকান্ড) | বাজেট বরাদ্দ সহ বার্ষিক O&M উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও ব্যয় বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো ইং ২০২৫-২০২৬ অর্থ বছরে পৌরসভার রাজস্ব বাজেটে O&M খাতে ২৬,৯৫,০০০/-টাকা বাজেট বরাদ্দ আছে। অক্টোবর-ডিসেম্বর,২০২৫ পর্যন্ত ব্যয় হয়েছে ৮৮৯৬৭/-টাকা।<br>আলোচনায় অংশ নিয়ে TLCC–র সদস্য জনাব মোঃ মোস্তাফিজুর রহমান বাবু, জনাব মোঃ আমিরুল ইসলাম ও মোছাঃ লিজা খাতুন বলেন- পৌরসভার উন্নয়ন কাজের গতি বৃদ্ধি সহ টেকসই উন্নয়ন এবং নতুন অর্থ বছরে নতুন উন্নয়ন পরিকল্পনা গ্রহনের আহবান জানান এবং সে সাথে জরুরী পাকা রাস্তা নির্মান করার প্রস্তাব দেন এবং কাজের গতি বাড়ানোর পরামর্শ দেন। পরবর্তিতে সহকারী প্রকৌশলী বলেন- O&M খাতে বিশেষ নজর দেওয়া হবে। সভা O&M এর কাজে সন্তোষ প্রকাশ করেন। | ১. উন্নয়ন কার্যক্রম সঠিক বাস্তবায়ন এবং ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন করে PMO অফিসে প্রেরণ করাসহ পৌরসভার ওয়েভ সাইটে প্রদর্শন করা আছে।<br>২. প্রয়োজন মাফিক ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. O&M এর কর্মপরিকল্পনা অনুমোদন পূর্বক পৌরকমিটিতে অনুমোদনের সুপারিশ করা হয়। | প্রশাসক/পৌর নির্বাহী কর্মকর্তা/সহকারী প্রকৌশলী। | |
| ০৯ | জেন্ডার সমতা ও সামাজিক অর্ন্তভুক্তিকরণ কর্মপরিকল্পনা (GESIAP) বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | জেন্ডার সমতা ও সামাজিক অর্ন্তভুক্তিকরণ কর্মপরিকল্পনা (GESIAP) বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির কার্যক্রম নিয়ে আলোচনাকালে সভাকে জানানো বর্তমান ইং ২০২৫-২০২৬ অর্থ বছরে পৌরসভার রাজস্ব বাজেটে GESIAP খাতে ৬,২৫,২২৭/-টাকা বরাদ্ধ রাখা আছে। তন্মধ্যে অক্টোবর-ডিসেম্বর সময়ে-২০২৫ পর্যন্ত ব্যয় হয়েছে ২২১৭৪০/-টাকা। সভায় জেন্ডার সমতা ও সামাজিক অর্ন্তভুক্তিকরণ কর্মপরিকল্পনা (GESIAP) অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন হচ্ছে।<br>অত:পর আলোচনায় অংশ নিয়ে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি সভাপতি জনাব ডা ঃ মিজানুর রহমান বলেন কমিটির নিয়মিত মাসিক সভা করা হয় এবং সভার কার্যবিবরনী তৈরী করে সদস্যদের মাঝে বিতরন করা হয়। সভায় তিনি আরো জানান আগামী কোয়ার্টারে ৪৬ জন দরিদ্র নারীকে দর্জি ও সেলাই মেশিন প্রশিক্ষণের পরিকল্পনা আছে। সভায় টিএলসিসির সদস্যবৃন্দ নারীদের সেলাই প্রশিক্ষননারী ও শিশু বিষয়ক কমিটির **মহান** উদ্দ্যোগকে সাধুবাদ জানান। এবং দর্জি সেলাই প্রশিক্ষণ শেষে সনদ প্রদান করা হয়েছে | ১। নিয়মিত সভা করা এবং সভার কার্যবিবরনী প্রস্তুত করে সদস্যদের মাঝে বিতরন করা ও যথাসময়ে PMO অফিসে প্রেরণ করা।<br>**২।হত-দরিদ্রদের মাঝে স্বাস্থ্য সম্মত রিং-স্লাব বিতরন**<br>৩। হাস-মুরগী পালনের বিষয়ে প্রশিক্ষণ প্রদান।<br>৫। দর্জি ও সেলাই প্রশিক্ষণ।<br>৬। অসহায় ও দুস্থদের মাঝে হাসের বাচ্চা বিতরণ।<br>৭। আর্থিক অনুদান দেওয়া।<br>৮। পঙ্গুদের মাঝে হুইল চেয়ার বিতরণ করা। | সভাপতি/সদস্য-সচিব GESIAP | |
| ১০ | **দারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)** | আলোচনার শুরুতেই দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব মোঃ সোহানুর রহমান শিশির বলেন PRAP খাতে বাজেট বরাদ্দ রাখা হয়েছে ৬,২৫,২২৭/-টাকা। উক্ত টাকার মধ্যে অক্টোবর-ডিসেম্বর -২০২৫ মাসে পর্যন্ত ৯০,০০০/-হাজার টাকা ব্যয় হয়েছে।<br>তিনি আরো বলেন উক্ত কমিটির মাসিক সভা নিয়মিত করা হয় এবং সভার কার্যবিবরনী তৈরী করে সদস্যদের মাঝে বিতরন করা হয়।<br>কমিটির সদস্য সচিব সভায় আগামী ২০২৫-২০২৬ অর্থ বছরে দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কর্মপরিকল্পনা (PRAP) বাস্তবায়নের জন্য রাজস্ব বাজেটের ১% বাবদ ৬,২৫,২২৭/-টাকা বরাদ্দ রাখা হয়েছে মর্মে জানান।<br>এ ছাড়াও তিনি অত্র সভায় দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কর্মপরিকল্পনা (PRAP) বাস্তবায়নের জন্য ০১ বছর মেয়াদী কর্মপরিকল্পনা প্রনয়ণ করা হয়েছে। | ১. নিয়মিত সভা করা এবং সভার কার্যবিবরনী প্রস্তুত করে সদস্যদের মাঝে বিতরন করা।<br>২. বাজেট বরাদ্দ অনুযায়ী দারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা অনুযায়ী ব্যায় করা। | প্রশাসক/সভাপতি/সদস্য-সচিব, দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১১ | হোল্ডিং ট্যাক্স এর মাধ্যমে রাজস্ব আহরণ | আলোচনার শুরুতে অত্রপৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ)ও সদস্য-সচিব জনাব মোঃ গোলাম সরওয়ার বলেন<br>ইং ২০২৫-২০২৬ অর্থ বছরের মধ্যে অক্টোবর-ডিসেম্বর /২০২৫ মাসের ত্রৈমাসিকে সরকারী ও বেসরকারী মোট পৌরকর আদায়ের পরিমান ৩০,২৭,৭৮৩/- টাকা। এছাড়াও তিনি আরো জানান ২০২৫-২০২৬ অর্থ বছরে পৌর করের দাবীর পরিমান ছিল ২,৫৮,৩২,০৮৩/- টাকা। আদায়ের পরিমান সন্তোষজনক না হওয়ায় সভাতে ক্ষোভ প্রকাশ করা হয়।<br>পরবর্তিতে সভায় পৌরকর আদায় করা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় TLCC-র সদস্য জনাব মো ঃ নাহারুল ইসলাম টিম বানিয়ে পৌরকর আদায়ের কথা বলেন। পৌরসভার কর আদায় বিষয়ে আলোচনার জন্য সভায় উপস্থিত TLCC-র সদস্য ও আমন্ত্রিত অতিথিবৃন্দদের শুভেচ্ছা জানিয়ে অদ্যকার সভার সভাপতি জনাব রফিকুল ইসলাম, প্রশাসক, ভেড়ামারা পৌরসভা বলেন-আপনারা আদায় সংক্রান্ত তথ্য ইতোমধ্যে শুনেছেন। তিনি আরো বলেন বিভিন্ন প্রতিবন্ধকতার কারণে আমরা কাঙ্খিত লক্ষে পৌছাতে পারি নাই তবে চেষ্টা অব্যহত আছে। আশা করছি আপনাদের সহযোগিতায় আগামী ২০২৫-২০২৬ অর্থ বছরে কাঙ্খিত পৌরকর আদায় করতে সক্ষম হবো। পরিশেষে আমি পৌরকমিটির পক্ষ থেকে আপনাদেরকে ধন্যবাদ জানাচ্ছি। আশা করছি আপনারা আমাদেরকে সকল কাজে সার্বিক সহযোগীতা করবেন। আশা করছি আপনাদের সহযোগিতা পেলে আদায়ের লক্ষ্যমাত্রায় পৌছাতে পারবো। ট্যাক্স আদায় বৃদ্ধির লক্ষে কমিটির অন্যতম সদস্য মঈনুল হক বলেন প্রাইভেট কর আদায়ের বড়বড় গ্রাহকের নামের তালিকা করতে হবে। এছাড়া সম্মানিত সদস্য জাহিদুর রহমান বলেন শহরের বড় বড় প্রতিষ্ঠানের প্রধানদের সমন্বয়ে একটি পলিসি গ্রহন করা যেতে পারে। | ১. সভার সিদ্ধান্ত মোতাবেক আদায় বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট পৌর কমিটির সদস্যদের সহযোগীতায় সমস্ত পৌর এলাকায় মাইকিং, ক্যাম্পেইন, কর খেলাপিদের নেটিশ প্রদান এবং মহল্লায় মহল্লায় টিম প্রেরনের মাধ্যমে পৌরকর আদায়।<br>২. উঠান বৈঠক ও WC বৈঠকে কর আদায় বিষয়ে আলোচনা করা। | প্রশাসক/সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্য/কর আদায়কারী/TLCC -র সদস্যবৃন্দ। | |
| ১২ | পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ (হোল্ডিং ট্যাক্স ব্যাতীত)। | পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় ২০২৫-২০২৬ অর্থ বছরের অক্টোবর-ডিসেম্বর -২০২৫ মাসে পরোক্ষ কর আদায় হয়েছে ৫৮,০৯,৯৭১/-টাকা।<br>রাজস্ব আদায় বৃদ্ধির বিষয়ে আলোচনাকালে TLCC র অন্যতম সদস্য জনাব মো ঃ মইনুল হক ডাবলু প্রস্তাব করেন যে, অত্র পৌরসভা IUGIP-প্রকল্পভুক্ত হওয়ায় ব্যাপক উন্নয়ন সাধিত হওয়ায় রাজস্ব আদায় বৃদ্ধির কথা বলেন। অন্যান্য আলোচকবৃন্দ কর বহির্ভূত রাজস্ব আয় বাড়ানোর প্রস্তাব করেন। পৌর এলাকায় চলাচলরত ইজি-বাইক বা রিক্সা, ভ্যানের লাইসেন্স প্রদানে অধিক গুরুত্ব দেয়ার জন্য অনুরোধ করেন। তবে এ বিষয়ে তিনি কিছু পরামর্শ প্রদান করেন এবং কর বহির্ভুত রাজস্ব আয়ের খাত বাড়ানোর প্রস্তাব করেন। সভায় এ বিষয়ে এ সকল বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। এছাড়া সম্মানিত সদস্য জাহিদুর রহমান বলেন শহরের পরোক্ষ কর দাবী বৃদ্ধি করার লক্ষে পৌরসভার পরিচালনায় ডাক বাংলোর মাঠে জনগনের যানবাহন পর্কিং এর ব্যবস্থা করতে হবে। | ১. কর বহির্ভূত রাজস্ব আয় বাড়ানোর জন্য আয়ের খাত চিহ্নিত করার জন্য পৌরকমিটিকে অনুরোধ করেন।<br>২. আগামী ২০২৫-২০২৬ অর্থ বছর হতে পৌর এলাকায় ইজি-বাইক চলাচলের অনুমতি পত্র এবং রিক্সা, ভ্যানের লাইসেন্স প্রদান করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সুপারিশ করা হয়। | প্রশাসক/পৌর নির্বাহী কর্মকর্তা/প্রধান সহকারী/লাইসেন্স পরিদর্শক। | |
| ১৩ | কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন | কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন বিষয়ে আলোচনাকালে কর আদায়কারী সভাকে অবগত করান যে পৌরকরের ত্রৈমাসিক কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে প্রশাসক মহোদয়ের নিকট উপস্থাপন করা হয়। অক্টোবর-ডিসেম্বর -২০২৫ ৪২৩৯ বিল প্রিন্ট দেওয়া হয়েছে।<br>প্রশাসক মহোদয় TLCC এর সম্মানিত সদস্যবৃন্দদেরকে পৌরকর আদায়ের হার আরো বৃদ্ধির জন্য আন্তরিক হওয়ার অনুরোধ জানান। | ১. কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থা এবং কম্পিউটারে বিল প্রস্তুত করার কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়।<br>২. পৌরকরের ত্রৈমাসিক কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে প্রশাসক মহোদয়ের নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত হয়। | কর আদায়কারী/সহকারী কর আদায়কারী। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | ৩. প্রতি কোয়ার্টারে কম্পিউটারাইজড বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট উক্ত বিল প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. আদায় প্রতিবেদন প্রকল্প অফিসে প্রেরনের সিদ্ধান্ত হয়। | | |
| ১৪ | পানির বিল নির্ধারণ ও সংগ্রহ | পানির বিল নির্ধারণ ও সংগ্রহ বিষয়ে আলোচনাকালে সহকারী প্রকৌশলী (পানি সরবরাহ) সভাকে জানান বেশ কিছু গুরুত্বপূর্ণ সমস্যার কারনে পানি সরবরাহ ব্যবস্থা বন্ধ ছিল তবে বর্তমানে চালু করা হয়েছে। চলতি ইং ২০২৫-২০২৬ অর্থ বছর অক্টোবর-ডিসেম্বর,২০২৫ মাসে পানির বিল আদায়ের পরিমান ২৮,৯০০/-। | **১. বকেয়া পানির বিল গ্রাহকদের আদায় করা জন্য তালিকা প্রস্তুত করা।**<br>**২. যথা সময়ে বিদ্যুৎ বিল পরিশোধ করা।**<br>**৩. পানির ০৩ পি পাম্প চালু করার সুপারিশ করা হয়।**<br>**৪. পানির বিল মাসিক সভাতে নির্ধারণ করার সুপারিশ করা হয়।** | প্রশাসক/সহকারী প্রকৌশলী(পানি সরবরাহ) | |
| ১৫ | কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন | কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন বিষয়ে আলোচনা কালে পৌরসভার হিসাবসহকারী(ভার) জানান কম্পিউটারাইজড ব্যবস্থা চালু করা হয়েছে। মাসিক, ত্রৈ-মাসিক ও বাৎসরিক ব্যাংক ষ্টেটমেন্ট সংরক্ষণ করা হয়। | ১. কম্পিউটরাইজড হিসাব ব্যবস্থাপনা প্রবর্তন করা হয়েছে।<br>২. প্রতিবেদন প্রশাসক মহোদয়ের-এর নিকট উপস্থাপন করার বিষয়ে সিদ্দান্ত গৃহীত হয়। | প্রশাসক/পৌর নির্বাহী কর্মকর্তা/হিসাবসহকারী | |
| ১৬ | বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ। | বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ করা নিয়ে আলোচনার শুরুতেই সভাকে জানানো হয় পৌরসভাতে হাল টেলিফোন বিল ও হাল বিদ্যুৎ বিল বকেয়া নাই। তবে বিগত সময়ের বিদ্যুৎ বিলের টাকা বকেয়া আছে। বকেয়া টাকা প্রতি তিন মাস পরপর পর্যায়ক্রমে পরিশোধ করা হচ্ছে। | ১. নিয়মিতভাবে বকেয়া বিদ্যুৎ পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক<br>পৌর নির্বাহী<br>কর্মকর্তা/হিসাবসহকারী | |
| ১৭ | স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন | স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন করার বিষয়ে আলোচনা কালে সভাকে জানানো হয় পৌরসভার স্থায়ী সম্পদের তালিকা হালনাগাদ করা চলমান আছে। হালনাগাদ তথ্যাদিতে পৌরসভার ভূ-সম্পত্তি, ভবনাদি, যানবাহন, পানি সরবরাহ শাখার সম্পদসহ পৌরসভার রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট ও ড্রেনের তথ্যাদি সংযোজন করা হয়েছে। এ ধারা অব্যাহত থাকবে। | ১. স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদ সমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসক/সহকারী প্রকৌশলী/ষ্টোরকীপার | |
| ১৮ | সকল সরকারি ঋণ পরিশোধ করা | সকল সরকারি ঋণ পরিশোধ করার বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয়-অত্র পৌরসভা কোন সংস্থা বা সরকারি ঋণ গ্রহন করে নাই। | ১. ভবিষ্যতে কোন ঋণের টাকা গ্রহন করিলে নিয়মিতপরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। | প্রশাসক/পৌর নির্বাহী কর্মকর্তা/<br>হিসাব রক্ষক | |
| ১৯ | স্থায়ী কমিটি গঠন ও কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | স্থায়ী কমিটি গঠন ও কার্যকর রাখা নিয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় পৌরসভা আইন,২০০৯ এর ৫৫ ধারা অনুযায়ী পৌরসভায় ১৩টি স্থায়ী কমিটি পূণ:গঠন করা হয়েছে। কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হয়। উক্ত স্থায়ী কমিটি সমুহ ইতোমধ্যে অক্টেবর-ডিসেম্বর,২০২৫ মাসের সকল সভা বিভিন্ন তারিখে সম্পন্ন করেছে। সভা সমূহের কার্যবিবরনী তৈরী করে PMO অফিসে প্রেরণ করা হয়। কমিটি সমুহের কার্যক্রম চলমান থাকায় সভা সন্তোষ প্রকাশ করেন। | ১. আগামী ৩১ মার্চ,২০২৬ ইং কোয়ার্টারের সকল স্থায়ী কমিটির সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভা সমূহের কার্যবিবরনী তৈরী করে PMOঅফিসে প্রেরণ করা হবে। | কমিটির সভাপতি<br>ও<br>সদস্য-সচিব | |
| ২০ | সকল প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়নে অংশগ্রহণ ও সহায়তা প্রদান নিশ্চিতকরণ (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৪ ধারা) | পৌরসভার রাজস্ব খাত হতে পৌরসভার নির্বাচিত প্রতিনিধি/সদস্য, পৌর নির্বাহী কর্মকর্তা, সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী, হিসাব রক্ষক, বস্তি উন্নয়ন কর্মকর্তা, কর আদায়কারী, লাইসেন্স পরিদর্শক, এ্যাসেসরদেরকে প্রশিক্ষণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>সভাকে আরো জানানো হয় পৌরসভাতে প্রশিক্ষণ বাবদ এ পর্যন্ত ১০,০০০/-টাকা ব্যয় হয়েছে। | ১. নির্বাচিত প্রতিনিধি/সদস্য এবং পৌরসভার কর্মকর্তা-কর্মচারী ও বিভিন্ন কমিটির সদস্যদের কে আগামীতে প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য প্রশাসক মহোদয়কে অনুরোধ করা হয়। | প্রশাসক ও পৌর নির্বাহী কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২১ | সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/IIT ব্যবহার | সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/IIT ব্যবহার বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় অনলাইনে জন্ম-মৃত্যু সনদ সংরক্ষন করা ও বিতরন করা চলমান আছে। বর্তমানে এই কার্যক্রমের আওতায় কম্পিউটারাইজড একাউন্টিং সফটওয়ার, পৌরকর, পানি সরবরাহ কর. ট্রেডলাইসেন্স ও ডিজিটাল সেন্টার চলমান আছে। ভেড়ামারা পৌরসভার ওয়েবসাইট খোলা হয়েছে যাহার ঠিকানা নিম্নরুপ যেমন- bheramarapaurashava.org বর্ণিত ওয়েব সাইটে পৌরসভার সকল তথ্য সন্নিবেশিত আছে। | ১. অনলাইনে জন্ম-মৃত্যু সনদ সংরক্ষন ও বিতরন অব্যাহত রাখা।<br>২. পৌরসভার ওয়েবসাইট হালনাগাদ করার কাজ চলমান রাখা এবং আগামী ১৫-০১-২০২৬ তারিখের মধ্যে পৌরসভার ওয়েবসাইট হালনাগাদ করা হবে। | প্রশাসক ও পৌর নির্বাহী কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | |
| ২২ | বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা। | বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা বিষয় নিয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা বাবদ বাজেটে ২৫,৬১,৬৪৩/-টাকা। তন্মধ্যে অক্টোবর-ডিসেম্বর -২০২৫ ব্যয় হয়েছে ৪,৪১,৯১৯/-টাকা। সুষ্ঠভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ কর্ম-পরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। সভাকে আরো অবগত করা হয় যে, বর্জ্য ও আবর্জনা ফেলার নিদৃষ্ট জায়গা না থাকার কারনে আবর্জনা ফেলাতে যথেষ্ট বেগ পেতে হয়।<br>বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা সুষ্ঠভাবে বাস্তবায়নের লক্ষ্যে কর্ম-পরিকল্পনা প্রনয়ন করা হয়েছে। কর্মপরিকল্পনা সভায় তুলে ধরেন। সভায় টিএলসিসির সদস্য জনাব মো ঃ নাহারুল ইসলাম ০৬ নং ওয়ার্ডের প্রফেসর পাড়ায় ময়লা-আবর্জনা পরিষ্কারের গতি বাড়ানোর অনুরোধ করেন। | ১. বর্জ্য অপসারণে আরো বেশী পদক্ষেপ গ্রহন করা।<br>২. বর্জ্য সংগ্রহ, অপসারণ কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক/সহকারী প্রকৌশলী/ কন্জারভেন্সী পরিদর্শক | |
| ২৩ | ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ | ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ বিষয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষন কার্যক্রম কর্ম পরিকল্পনা মোতাবেক সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।<br>ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষন কার্যক্রম বাবদ ৪৪,২৫০০০/-টাকা বাজেট বরাদ্দ ছিল। তন্মধ্যে অক্টোবর-ডিসেম্বর -২০২৫ ব্যয় হয়েছে ৫,৮৪,৮৩৩/-টাকা।<br>ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ এবং ব্যবস্থাপনা সুষ্ঠভাবে বাস্তবায়নের লক্ষ্যে কর্ম-পরিকল্পনা প্রনয়ন করা হয়েছে। কর্মপরিকল্পনা সভায় তুলে ধরেন।<br>অত:পর ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ বিষয়ে আলোচনাকালে TLCC-র অন্যতম সদস্য জনাব মোছা ঃ সুমাইয়া আক্তার বলেন- লাবনী সিনেমা হলের নিকট থেকে ড্রেনের ব্যবস্থা করার জন্য সভায় অনুরোধ করেন।<br>এর পর সহকারী প্রকৌশলী সাহেব বলেন আপনাদের সহযোগীতায় ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষন কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যাদি সম্পন্ন করা হচ্ছে। তিনি আরও বলেন বাজেট বরাদ্দ অনুযায়ী ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষন কাজে আরো গতিশীল করা হবে। তিনি সভাকে আরো জানান এখন য়ে সকল ড্রেণ নির্মাণ হচ্ছে তার উপর স্লাব দেওয়া হচ্ছে।<br>অত:পর অত্রসভা ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ সন্তোষজনক হওয়ায় সভা সন্তোষ প্রকাশ করেন। | ১. ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ আরো জোরদার করার সিদ্ধান্ত হয়।<br>২. ড্রেনের উপর স্লাব স্থাপনের বিষয়ে পৌর পরিষদের সভায় উপস্থাপন করা হবে।<br>৩. স্বল্প সময়ের মধ্যে গুরুত্বপূর্ণ ফাকা ড্রেনের উপর স্লাব স্থাপন করা।<br>৪. ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ কর্মপরিকল্পনা অনুমোদন করা হয়। | সহকারী প্রকৌশলী/কঞ্জারভেন্সী পরিদর্শক | |
| ২৪ | সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা | সড়ক বাতি কার্যকর রাখার বিষয়ে আলোচনাকালে সহকারী প্রকৌশলী সভাকে জানানো হয় চাহিদা মোতাবেক প্রয়োজনীয় বৈদ্যুতিক সরঞ্জামাদি/মালামাল ক্রয় এবং ১০০% সড়ক বাতি সচল রাখার বিষয়ে পৌরসভা সচেষ্ট। বর্তমান ২০২৫-২০২৬ অর্থ বছরে এখাতে বাজেট বরাদ্দ আছে ৫৩,০৯,০২৬/-টাকা। অক্টোবর-ডিসেম্বর -২০২৫ মাস পর্যন্ত ব্যয় হয়েছে ৪,৪৩,৭০৩/-টাকা।<br>অত:পর ১০০% সড়ক বাতি কার্যকর রাখার বিষয়ে আলোচনাকালে TLCC-র অন্যতম সদস্য জনাব মোছা ঃ সুমনা, সড়কবাতির বর্তমান কার্যক্রম অত্যন্ত সন্তোষ জনক হওয়ায় পৌরসভাকে ধন্যবাদ দেন। | ১. সড়ক বাতি মেরামত ও সচল রাখার কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়।<br>২. বকেয়া বিদ্যুৎ বিল কিস্তি আকারে পরিশোধ করা হবে।<br>৩. সড়ক বাতি কার্যকর রাখার কর্মপরিকল্পনা অনুমোদন করা হয়। | প্রশাসক/কাউন্সিলর/সদস্য/সহকারী প্রকৌশলী/উপসহকারী প্রকৌশলী/বিদ্যুৎ সুপারভাইজার | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২৫ | অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন এবং কার্যকারী করণ | অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন এবং কার্যকারী করণ নিয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team এর কর্ম পরিকল্পনা মোতাবেক মেরামত যোগ্য কার্যাদি সম্পন্নের জন্য পৌরসভার প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখা হয়েছে যা; প্রকৌশল বিভাগের তত্ত্বাবধানে বাস্তবায়ন করা হচ্ছে। বাজেটের পরিমান ৪,০০,০০০/-টাকা। অক্টোবর-ডিসেম্বর -২০২৫ কোন ব্যয় হয়নি। Mobile Maintenance কোন ব্যয় না হওয়ায় সভা অসন্তোষ প্রকাশ করেন।<br>বর্তমানে অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন এবং কার্যকর থাকায় সন্তোষ প্রকাশ করেন এবং এ বিষয়ে আরো মনোযোগী হওয়ার এবং ব্যায় বাড়ানোর পরামর্শ প্রদান করেন। | ১. অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কমিটি কর্তৃক সকল মেরামত কার্যাদি Mobile Maintenance Team এর মাধ্যমে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২. অবৈধ স্থাপনা চিহ্নিত করন পূর্বক রেজিষ্টারে লিপিবদ্ধ করার সিদ্ধান্ত হয়।<br>৩. অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance কর্মপরিকল্পনা অনুমোদন করা হয়। | সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী। | |
| ২৬ | স্যানিটেশন কার্যক্রম ব্যবস্থাপনা | স্যানিটেশন কার্যক্রম নিয়ে আলোচনাকালে সভাকে জানানো হয় পৌরসভা কর্তৃক স্যানিটেশন বিষয়ক যাবতীয় কার্যক্রম অব্যাহত আছে। এজন্য পৌরসভার প্রয়োজনীয় বাজেটে ২,৪০,০০০/-টাকা বরাদ্দ রাখা আছে। অক্টোবর-ডিসেম্বর -২০২৫ পর্যন্ত ৪৩০০০/- টাকা খরচ হয়েছে।<br>TLCC-র সদস্য মোছাঃ স্বাধীনা খাতুন স্যানিটেশন কার্যক্রমে আরো নজর দেয়ার পরামর্শ দেন। | ১. স্যানিটেশন কার্যক্রম আরো জোরদারকরার সিদ্ধান্ত হয়।<br>২. বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয় করার সুপারিশ করা হয়।<br>৩. স্যানিটেশন কার্যক্রম কর্মপরিকল্পনা অনুমোদন করা হয়। | ভারপ্রাপ্ত কনজারভেন্সী ইন্সপেক্টর | |

(রফিকুল ইসলাম)
প্রশাসক
ভেড়ামারা পৌরসভা।

**স্মারক নং**- ভেড়া/পৌঃ/TLCC-০০.৪০.৫০১৫.০২০.০০০০.৫৫-২১ (অংশ-০১)/২০২৫/

তারিখ ঃ ০৫-০১-২০২৬ খ্রিঃ

**অবগতি ও কার্যার্থে অনুলিপি ঃ-**

০১। প্রকল্প পরিচালক,নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, (IUGIP), এলজিইডি ভবন, লেভেল-১২, আগারগাঁও, ঢাকা-১২০৭।

০২। জনাব.. .. .. ..........................................................................................সদস্য, TLCC, ভেড়ামারা পৌরসভা।

০৩। ..........................................................................................ভেড়ামারা পৌরসভা।

০৪। অফিস কপি, ভেড়ামারা পৌরসভা, কুষ্টিয়া।

(রফিকুল ইসলাম)
প্রশাসক
ভেড়ামারা পৌরসভা।